# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মজলিসের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

---

মজলিসে দুই জনের মাঝখানে না বসা

মজলিসে দুটি লোক (আত্মীয় বা বন্ধু) একত্রে বসে থাকলে, আপনি গিয়ে তাদের মাঝে বসে উভয়ের মাঝে বিচ্ছিন্নতা সৃষ্টি করবেন না। যেহেতু তাতে তাদের মনে কষ্ট হবে। অবশ্য অনুমতি দিলে অথবা তারা নিজ থেকে আপনাকে তাদের মাঝে বসালে আপনি বসতে পারেন।

প্রিয় রাসুল (ﷺ) বলেন, ‘‘বিনা অনুমতিতে দুই ব্যক্তির মাঝে বিচ্ছিন্নতা সৃষ্টি করা কোন মানুষের জন্য বৈধ নয়।’’[1]

## ফুটনোট

[1]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ৬৯৬০, আবূ দাঊদ হা/৪৮৪৫, তিরমিযী হা/২৭৫২

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=8048

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন